Times Today BD

নূর আলম | দেশজুড়ে | 21 April, 2025

নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলায় জমি ও সেচপাম্প নিয়ে বিরোধের জেরে ভাই-ভাতিজার মারধরে কায়সার ইমরান বাবুল (৫৯) নামের এক আওয়ামী লীগ নেতা নিহত হয়েছেন। নিহত বাবুল স্থানীয় ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি ছিলেন।

সোমবার (২১ এপ্রিল) সকালে আটপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আশরাফুজ্জামান বিষয়টি নিশ্চিত করে জানান, রোববার রাত সাড়ে ৮টার দিকে উপজেলার দুওজ ইউনিয়নের শ্রীরামপাশা গ্রামে পারিবারিক সালিশ বৈঠকে এ ঘটনা ঘটে।

পুলিশ ও পারিবারিক সূত্রে জানা যায়, বাবুলের সঙ্গে তার ছোট ভাই রতন ও ভাতিজাদের দীর্ঘদিন ধরে জমি ও একটি যৌথ সেচপাম্পের মালিকানা নিয়ে বিরোধ চলছিল। অভিযোগ রয়েছে, সেচপাম্প থেকে বাবুল তার প্রাপ্য আয় পেতেন না এবং জমিতে ঠিকমতো পানি সরবরাহও করা হতো না। স্থানীয়ভাবে একাধিকবার মীমাংসার চেষ্টা হলেও সমাধান হয়নি।

ঘটনার দিন রাতের পারিবারিক আলোচনায় তর্কাতর্কির একপর্যায়ে রতন ও তার ছেলে বাপ্পি বাবুলের ওপর হামলা চালান ও বেধড়ক মারধর করেন। মারধরের পর বাবুল নিজ ঘরে গিয়ে অচেতন হয়ে পড়েন। পরে ঘটনাস্থলেই তার মৃত্যু হয় বলে জানা গেছে।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নেত্রকোনা আধুনিক সদর হাসপাতাল মর্গে পাঠায়। নিহতের মাথায় আঘাতের চিহ্ন পাওয়া গেছে বলে জানিয়েছেন ওসি আশরাফুজ্জামান। তিনি আরও জানান, ময়নাতদন্তের প্রতিবেদন হাতে পেলে

মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।

এ ঘটনায় বাবুলের ছোট ভাই রতনকে আটক করেছে পুলিশ।নিহতের পরিবারের পক্ষ থেকে মামলার প্রস্তুতি নেওয়া হচ্ছে এবং তারা বর্তমানে থানায় অবস্থান করছেন।ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।

নেত্রকোণা আওয়ামী লীগ জমি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 22:10

URL: https://timestodaybd.com/across-the-country/1171391294